# জীবন বৃত্তান্ত



**মোহাম্মদ সাইফুল ইসলাম**
সিস্টেমস এনালিস্ট
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম এর জন্ম ১৪ সেপ্টেম্বর ১৯৮২ সালে গাজীপুর জেলায়। তাঁর পিতা মোঃ শাহজাহান মিয়া ও মাতা শিরিন আক্তার। তিনি রানী বিলাসমনি সরকারি উচ্চ বিদ্যালয় হতে এস.এস.সি এবং ভাওয়াল বদরে আলম সরকারি কলেজ হতে এইচ.এস.সি সম্পন্ন করে আমেরিকান ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি -বাংলাদেশ (এআইইউবি) থেকে কম্পিউটার সায়েন্সে স্নাতক ডিগ্রি অর্জন করেন। তিনি ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি থেকে ২০১১ সালে (১০তম সমাবর্তন) সর্বোচ্চ সিজিপিএ নিয়ে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন। তিনি MCAD (Microsoft Certified Application Developer), MCP(Microsoft Certified Professional) ও ITIL( ITIL Foundation Certificate in IT Service Management) এ Professional Certificate অর্জন করেন।

জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ২২ জানুয়ারি, ২০০৫ তারিখে প্যান্ডোরা আস্যোসিয়েটস লিমিটেডে প্রোগ্রামার হিসেবে চাকুরি জীবন শুরু করেন। চাকুরি জীবনে তিনি ৭ বছরের অধিক সময় (২০০৮ সাল থেকে ২০১৫ সাল) পর্যন্ত জাতিসংঘের UNDP (United Nations Development Programme) এর জাতীয় পরামর্শক হিসেবে বাংলাদেশ নির্বাচন কমিশন সচিবালয়ের ইলেক্টোরাল প্রকল্পে কর্মরত ছিলেন। এরপর তিনি icddr,b (International Centre for Diarrhoeal Disease Research, Bangladesh) তে ২ বছরের অধিক সময় (২০১৫-২০১৭) সিনিয়র প্রোগ্রামার হিসেবে স্বাস্থ্য অধিদপ্তরের সাথে কাজ করেন। তিনি ০৫ ডিসেম্বর ২০১৭ সাল থেকে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে সিস্টেমস এনালিস্ট হিসেবে কর্মরত আছেন।

তাঁর এই ১৮ বছরের চাকুরি জীবনের অভিজ্ঞতায় তিনি বিভিন্ন সিস্টেম বিশ্লেষণ, ডিজাইন, সফটওয়্যার এপ্লিকেশন ডেভেলপমেন্ট এবং বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত ছিলেন। তিনি Nikosh Converter ডেভেলপমেন্ট এবং বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত ছিলেন যা Manathan Award (India) 2011 Category: E-Lcalization Category তে পুরস্কার অর্জন করে। তার একটি International Journal (যৌথভাবে) “Perceptions and experiences with district health information system software to collect and utilize health data in Bangladesh: a qualitative exploratory study” BMC Health Service Research এ প্রকাশিত হয় এবং একটি কনফারেন্স পেপার (যৌথভাবে) “A fast algorithm for converting ASCII text to Unicode based on complex Bangla character combinations” eAsia 2008 - Asia's Premier Conference and Exhibition on ICT. Kuala Lumpur, Malaysia” প্রকাশ করা হয়।

তিনি চাকুরি জীবনে নির্বাচন কমিশনে Voter Registration System, Election Management System, Nikosh Converter, Budget Management System ইত্যাদি; স্বাস্থ্য অধিদপ্তরে National Health Dashboard ও Real-time health bulletin ইত্যাদি; এবং ERP (Enterprise Resource Planning) Solution ও বিভিন্ন Business Solution এর সিস্টেম বিশ্লেষণ, ডিজাইন, সফটওয়্যার এপ্লিকেশন ডেভেলপমেন্ট এবং বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত ছিলেন।

জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে যোগদানের পর থেকে উদ্ভাবন, সেবা সহজিকরণ, ই-গভর্ন্যান্স এবং ই-সেবা নিয়ে কাজ করে যাচ্ছেন। তিনি ই-হজ সিস্টেমের প্রাক-নিবন্ধন ও নিবন্ধন প্রক্রিয়া সহজিকরণ, প্রাক-নিবন্ধন রিফান্ড সহজিকরণ, হজযাত্রীদের ইমিগ্রেশন ব্যবস্থা সহজিকরণ (Makkah Road Service), হজযাত্রীদের লাগেজ ব্যবস্থাপনা সহজিকরণ, হজযাত্রীদের স্বাস্থ্য সেবা সহজিকরণ (ইলেক্ট্রনিক হেলথ প্রোফাইল ও কিউ ম্যানেজমেন্ট সিস্টেম), হজ বিষয়ক কল সেন্টার, ই-হজ মোবাইল অ্যাপস, অনুদান ব্যবস্থাপনা সিস্টেম, আওতাধীন দপ্তর সংস্থার ই-সেবাসহ বিভিন্ন সিস্টেম বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। এছাড়াও তিঁনি ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর সংস্থার ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালঞ্জ মোকাবেলা এবং স্মার্ট বাংলাদেশ বাস্তবায়নে কর্মপরিকল্পনা এবং বাস্তবায়নের সঙ্গে সম্পৃক্ত রয়েছেন। জনাব মোহাম্মদ সাইফুল ইসলাম ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের শুদ্ধাচার পুরস্কার ২০২২-২৩ অর্জন করেন।

তিনি চাকুরির দায়িত্ব পালনের অংশ হিসেবে সৌদি আরব এবং ভারতে ভ্রমন করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিত এবং দুই সন্তানের (এক কন্যা ও এক পুত্র) জনক।